

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মির্জাগঞ্জ, পটুয়াখালী  
[www.mirzaganj.patuakhali.gov.bd](http://www.mirzaganj.patuakhali.gov.bd)

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	: মো: তরিকুল ইসলাম উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী
সভার তারিখ ও সময়	: ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ; সকাল: ১১:০০ ঘটিকা
স্থান	: উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন এর কনফারেন্স রুম
উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ যথাযথোপায় মর্যাদায় সুষ্ঠু ও সুন্দর পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের কার্যবিবরণীর সাথে সংগতি রেখে উপস্থিত সকলের আলোচনা, পরামর্শ ও মতামতের ভিত্তিতে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


ক্রমিক নম্বর	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	উপজেলার ০৬টি ইউনিয়নে যে সকল জামে মসজিদ/ঈদগাঁহ মাঠে ঈদের জামাতের নামাজ অনুষ্ঠিত হবে সে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কে প্রতিটি ওয়ার্ডের ইউপি সদস্য, মসজিদের ইমাম, সংশ্লিষ্ট মসজিদ কমিটি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে ১১ (এগার) সদস্য বিশিষ্ট স্বেচ্ছাসেবক টিম গঠন করে তার তালিকা উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা বরাবরে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত স্বেচ্ছাসেবক টিম প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন। মসজিদ কমিটি এবং সংশ্লিষ্ট মসজিদের ঈমাম ঈদের জামাতের নামাজের সময় নির্ধারণ করবেন। স্ব-স্ব মসজিদের ঈমামগণ ঈদের জামাতের সময় সূচি প্রচার করবেন।	০১। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) মির্জাগঞ্জ ০২। মসজিদ পরিচালনা কমিটি ০৩। স্ব-স্ব মসজিদের ঈমামগণ
০২।	উপজেলা পরিষদ চত্বরে কেন্দ্রীয় ঈদগাঁহ মাঠে সকাল ০৮:০০ ঘটিকায় ঈদের জামাত অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় ঈদগাঁহ মাঠ ব্যতীত কেন্দ্রীয় জামে মসজিদ, কোর্ট মসজিদ, বায়তুল্লাহ-ই অফিস কমপ্লেক্স জামে মসজিদ, ভূমি অফিস সংলগ্ন বায়তুল আমান জামে মসজিদ, হাসপাতাল সংলগ্ন জামে মসজিদ, বায়তুল কেবলা জামে মসজিদ, বায়তুল মোকরম জামে মসজিদ, বাজার উত্তর মাথা সংলগ্ন জামে মসজিদ, তিন রাস্তা সংলগ্ন উম্মে হাম্মদ জামে মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হবে না। সকল ধর্ম পরায়ণ মুসল্লীগণ কেন্দ্রীয় ঈদগাঁহ মাঠে ঈদের জামাতে শরিক হবেন। উপজেলা কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম কেন্দ্রীয় ঈদগাঁহ মাঠে অনুষ্ঠিত ঈদের প্রথম জামাতের নামাজ পরিচালনা করবেন। প্রয়োজন হলে পর্যায়ক্রমে ঈদের ২য়, ৩য় জামাত কেন্দ্রীয় ঈদ গাঁহ মাঠে অনুষ্ঠিত হবে। উপজেলা পরিষদ কমপ্লেক্স জামে মসজিদের ঈমাম, কোর্ট মসজিদের ঈমাম যথাক্রমে ২য়, ৩য় জামাতের নামাজ পরিচালনা করবেন।	ঈদের নামাজ পরিচালনা কমিটি

বিবিধ:

- ০১। কেন্দ্রীয় ঈদগাঁহ মাঠে ঈদের জামাত যাতে সুষ্ঠুসুন্দর ভাবে অনুষ্ঠিত হতে পারে তার জন্য কেন্দ্রীয় ঈদগাঁহ মাঠ প্রস্তুতকারার জন্য চেয়ারম্যান, দেউলী সুবিদখালী ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০২। ঈদের আগের দিন বাদ মাগরিব উপজেলা শহরের ভিতরে ঈদের নামাজের সার্বিক বিষয় সকল ধর্ম পরায়ণ মুসলমানের নিকট পৌছানোর জন্য মাইকিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০৩। কেন্দ্রীয় ঈদগাঁহ মাঠসহ মির্জাগঞ্জ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে অনুষ্ঠিত ঈদের জামাতের নামাজ যাতে নির্বিঘ্নে অনুষ্ঠিত হয় সে ক্ষেত্রে সকল প্রকার নিরাপত্তার ব্যবস্থা করার জন্য অফিসার ইনচার্জ, মির্জাগঞ্জ থানাকে সভায় অনুরোধ জানানো হয়। এছাড়াও ঈদের ছুটিতে অনেকেই গ্রামের বাড়ি যাওয়ার ফলে বাসা বাড়ি ফীকা থাকার কারণে যাতে চুরি ডাকাতির ঘটনা না ঘটে সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হয়।

- ০৪। ঈদের নামাজের সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত করার জন্য এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মির্জাগঞ্জ কে অনুরোধ করা হয়।
- ০৫। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আতশবাজি, পটকা ইত্যাদির ব্যবহার নিয়ন্ত্রণ নিশ্চিত করার জন্য অফিসার ইন-চার্জ মির্জাগঞ্জ থানা, মির্জাগঞ্জ-কে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ এবং ঈদের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: তরিকুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
মির্জাগঞ্জ, পটুয়াখালী  
ফোন: +৮৮০২৪৭৮৮৮২২৬৯  
e-mail: [unomirzagonj@gmail.com](mailto:unomirzagonj@gmail.com)

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.১২.০০৩.২২- ৬২২

তারিখ: ২২ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।  
০২। পুলিশ সুপার, পটুয়াখালী।  
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।  
০৪। অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা।  
০৫।.....  
০৬। চেয়ারম্যান,..... ইউনিয়ন পরিষদ (সকল), মির্জাগঞ্জ, পটুয়াখালী।  
০৭। ঈমাম,..... জামে মসজিদ (সকল), মির্জাগঞ্জ, পটুয়াখালী।  
০৮। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার  
মির্জাগঞ্জ, পটুয়াখালী